# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol XXVII | YEAR OF OUR LORD JESUS CHRIST, 2025 FEBRUARY | No 01


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

লূক ২১:২২-৩১

২২। যে জ্ঞানবান সে বলশালীদের নগর আক্রমণ করতে পারে ও সেই বলশালীরা যে দূর্গের উপরে নির্ভর করে থাকে, সেগুলিও চূর্ণ করে দিতে পারে।

২৩। যারা তাদের মুখ ও জিভ সংযত রাখে তারা নিজেদেরকে চরম দুর্দশা থেকে রক্ষা করে।

২৪। অহঙ্কারী ও দাম্ভিক মানুষ তার নাম "বিদ্রূপকারী" অশিষ্ট উন্মত্ততাপূর্ণ আচরণ করে।

২৫। অলসের তীব্র আকাঙ্খা তার মৃত্যু ডেকে আনে, কারণ তার হাত দুটি কাজ করতে অস্বীকার করে।

২৬। সারাটি দিন ধরে সে আরও বেশি কিছু পাওয়াব আকাঙ্খা করে, কিন্তু ধার্মিকেরা অকাতরে দান করে।

২৭। দুষ্টদের বলিদান ঘৃণার্হ মন্দ উদ্দেশ্য নিয়ে যখন তা আনা হয় তখন তা আরও কত না বেশি ঘৃণার্হ হয়ে যায়!

২৮। মিথ্যাসাক্ষী ধবংস হয়ে যাবে, কিন্তু মনোযোগী শ্রোতা সফলতাপূর্বক সাক্ষ্য দেবে।

২৯। দুষ্টেরা দুঃসাহসীক ধৃষ্টতা খাড়া করে, কিন্তু ন্যায়পরায়ণরা তাঙ্গেদর জীবনযাত্রার ধরণের কথা ভেবে চলে।

৩০। এমন কোনও প্রজ্ঞা, দূরদর্শিতা বা পরিকল্পনা নেই যা সদাপ্রভুর বিরুদ্ধে সফল হতে পারে।

৩১। ঘোড়াকে যুদ্ধের দিনের জন্য তৈরী করে রাখা হয়। কিন্তু বিজয় নির্ভর করে সদাপ্রভুর উপরে।

## বিজয়ের উদ্দেশে দৌড়ান!



(অনারারী প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)



এটি ছিল ১৯৮৬ সালের এশিয়ান গেমস এবং সিওলে ৮০০ মিটার দৌড় প্রতিযোগিতা হওয়ার কথা ছিল। (সম্ভবতঃ আপনি তখনও জন্মাননি।) সমগ্র দেশ সাইনী অব্রাহামের জয় দেখার জন্য অধীর আগ্রহে প্রতীক্ষা করছিল, যিনি ভারতের একজন অত্যন্ত পারদর্শী সফল ক্রিড়াবিদ ছিলেন। প্রত্যেকে ভীষণভাবে প্রত্যাশা করেছিল যে তিনি স্বর্ণপদক লাভ করবেন।

সাইনী যখন প্রথমে সমাপ্তি রেখা অতিক্রম করেছিলেন, তখন প্রত্যেক ভারতবাসী যে গর্ব এবং আনন্দ অনুভব করেছিল তা ভাষায় প্রকাশ করা যায় না। কয়েক মুহূর্ত পর রেখা পরিবর্তন করার জন্য সাইনীকে অযোগ্য ঘোষণা করা হয়েছিল।

দেশের সামগ্রিক উত্তেজনা ভেঙ্গে চুরমার হয়ে গিয়েছিল। সাইনীর কঠোর পরিশ্রম, দৃঢ়সঙ্কল্প এবং অবিরত প্রচেষ্টা তাঁর যোগ্য বিজয়কে নিশ্চিত করার পক্ষে যথেষ্ট ছিল না। এটি ছিল একটি বিধবংসী প্রহার— কেবল সাইনীর জন্য নয় কিন্তু সমস্ত ভারতীয়দের কাছে যারা তাঁর প্রশংসা করতো এবং তাঁর উপর যাদের বিশ্বাস ছিল। এমনকি আজকের দিনেও, আমি যখনই সেই মুহূর্তটার কথা চিন্তা করি, তখনই

*ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)

REACHING NATIONS

## from your dearly beloved brother...





**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**

Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**HON. MANAGING EDITOR**

Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**

Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.

**ADMINISTRATION**

Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**

Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.



**EDITOR, PUBLISHER & PRINTER**

Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858

**E.MAIL**

sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**

www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**

Echo of His Call


**"...আমি নিশ্চয়ই তোমাকে আশীর্ব্বাদ করব এবং তোমাকে বহু বংশধর দান করব" (হিব্রীয় ৬:১৪)।**

প্রভুতে প্রিয়তমেরা,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের মূল্যবান নামে আপনাদের উষ্ণ শুভেচ্ছা জানাই!

আমরা যখন ২০২৫ এর নববর্ষে প্রবেশ করেছি, আসুন আমরা তাঁর অনুগ্রহ এবং বিশ্বস্ততার প্রাচুর্যের জন্য ঈশ্বরের উদ্দেশে গৌরব প্রদান করি! তাঁর নামের গৌরব হোক!

আপনি কেমন আছেন? আমি আশা করি এই বাণীটি আপনাকে সুস্বাস্থ্য এবং গভীর বিশ্বাস খুঁজে পেতে সাহায্য করবে। আমাদের উপর তাঁর অগণিত আশীবর্বাদের জন্য আমরা সর্বদা প্রভু যীশু খ্রীষ্টের কাছে কৃতজ্ঞ থাকবো। আজ সকালে, আমি আপনাদের আত্মিক, শারীরিক এবং আবেগসংক্রান্ত মঙ্গলের জন্য প্রার্থনা করেছি।

আমি আমার সঙ্গে গভীরভাবে সম্পর্কযুক্ত একটি অনুধ্যানের বার্তা আপনাদের সঙ্গে সহভাগিতা করার বিষয় অনুভব করছি :

## শাসন করার বিষয়টি শাস্তি নয়!

আমরা যখন সম্পূর্ণ স্বীকৃতি অথবা তারিফ করা ছাড়াই ঈশ্বরের উদ্ধারের বিষয়টি অবিরত অভিজ্ঞতা লাভ করতে থাকি, তখন আমরা আত্মতৃপ্ত হয়ে যাই। আমাদের হৃদয়ের মধ্যে গর্ব হামাগুড়ি দিয়ে প্রবেশ করে, ঈশ্বরের উপর আমাদের নির্ভরতা অবলুপ্ত হয়ে যায় এবং আমাদের কৃতজ্ঞতা কমে যায়। তাঁর প্রেমের মধ্যে, ঈশ্বর আমাদের সংশোধন করার জন্য এবং পথ দেখানোর জন্য ভর্ৎসনা করতে পারেন।

যখন কেবল ভর্ৎসনা আমাদের পরিবর্তিত করতে পারে না, তখন আমাদের নম্র করার জন্য এবং তাঁর কাছে আনার জন্য ঈশ্বর আমাদের কাছে দুর্দশার মুহূর্তগুলি আসতে দেন। এই ধরণের দুর্দশার বিষয় গীত রচয়িতা গীত ১১৯:৭৫ পদে উল্লেখ করেছেন, এটি শাস্তি নয় কিন্তু বিপথগামী হওয়া থেকে আমাদের নিবারিত করার জন্য তাঁর প্রেমপূর্ণ সংশোধন হিসাবে তিনি এটা করেন।

ঈশ্বরের চরিত্র প্রেম এবং বিশ্বস্ততার মধ্যে রোপিত। তাঁর বিশ্বস্ততা স্থায়িত্ব এবং অনড় প্রতিশ্রুতির অর্থ প্রকাশ করে। মানুষের সঙ্গে অসদৃশভাবে, ঈশ্বর বিদ্বেষসহ প্রতিশোধ গ্রহণ করেন না;পরিবর্তে, তিনি তাঁর প্রেমে বিশ্বস্ত থাকেন। অবাধ্যতার কারণে শাস্তি হিসাবে দুর্দশার বিষয়টিকে ভুলভাবে ব্যাখ্যা করবেন না। ঈশ্বরের কাছ থেকে যারা বিচ্ছিন্ন হয়ে যায় তাদের জন্য শাস্তি সংরক্ষিত থাকে, যখন শাসন হচ্ছে যারা কিছু সময়ের জন্য তাদের পথ হারিয়ে ফেলে সেই সময় তাঁর সন্তানদের প্রতি একটি ভালোবাসার কাজ।

ঈশ্বর ক্রোধবশতঃ তাঁর সন্তানদের শাসন করেন না কিন্তু তাদের বৃদ্ধি এবং উন্নতি দেখার গভীর আকাঙ্খা থেকে তিনি শাসন করেন। এই বিষয়টির উপলব্ধি আমাদের তাঁর শাসনকে কৃতজ্ঞতা এবং সঠিক মনোভাবসহ গ্রহণ করতে সাহায্য করে। সঠিক দৃষ্টভঙ্গিতে দুর্দশাকে আগ্রহের সঙ্গে গ্রহণ করার বিষয়টির একটি স্পষ্ট উদাহরণ হচ্ছেন যোযেফ (আদি ৫০: ১৫-২১)।

**"হে সদাপ্রভু, আমি জানি যে তোমার বিধিনিয়ম ন্যায়সঙ্গত, আর তুমি বিশ্বস্ততায় আমাকে পীড়িত করেছ"** গীত ১১৯:৭৫)।

ঈশ্বর আপনাদের প্রচুররূপে আশীবর্বাদ করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম**

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**

(+91) 98412 71858 / 98410 71858, E.mail : sam@echoofhiscall.org

## তাঁর আহ্বানের প্রতিধ্বনির পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের ৫ মিনিটের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের** বাণীগুলি প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় সম্প্রচারিত হয়। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

এছাড়াও আপনারা আমার নিম্নলিখিত ব্যক্তিগত ফোন নম্বরগুলি আপনাদের মোবাইল ফোনে সেভ করতে পারেন: (+91) 98412 71858 / 98410 71858

— **পাস্টর এস. স্যাম সেলভারাজ**

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

সাইনীর জন্য আমার হৃদয় ব্যথা করে, যে ক্রিড়াবিদকে আমি গভীরভাবে শ্রদ্ধা করতাম এবং তারিফ করতাম।



### জয়ের লক্ষ্যে দৌড়াও!

জীবন হচ্ছে একটি দৌড় প্রতিযোগিতা এবং ঈশ্বর আমাদের প্রত্যেকের জন্য একটি অনুপম গমন পথের পরিকল্পনা করেছেন। কয়েক জন স্বল্প দূরত্বের দ্রুত বেগে দৌড়বিদ, অন্যরা দূর পাল্লার দৌড়বাজ এবং কয়েকজন এমনকি বাধা অতিক্রম করে দৌড় প্রতিযোগিতার ক্রীড়াবিদ, প্রত্যেকের জন্য স্বতন্ত্র দক্ষতার এবং রণকৌশলের প্রয়োজন হয়। আমরা অন্য কারও প্রতিযোগিতায় দৌড়াতে পারি না কারণ ঈশ্বর তাঁর স্বর্গীয় পরিকল্পনা অনুসারে প্রত্যেকটি যাত্রা নির্ধারণ করেছেন।

প্রত্যেক প্রকার প্রতিযোগিতায় ভিন্ন স্তরের মানসিক শক্তি, কৌশল এবং শক্তির প্রয়োজন হয়। একজন অল্প পাল্লার দৌড়বিদ দীর্ঘ পাল্লার দৌড়ে সহজে যোগদান করতে পারে না, গভীর প্রচেষ্টা এবং প্রস্তুতি ছাড়া একজন ম্যারাথন দৌড়বিদ স্বল্প দৈর্ঘ্যের দৌড় প্রতিযোগিতা অংশ গ্রহণ করতে পারে না। একইভাবে, ঈশ্বর আমাদের সামনে যে প্রতিযোগিতা নির্ধারণ করেছেন তার জন্য তিনি তাঁর অনুগ্রহ এবং সক্ষমতাসহ আমাদের প্রস্তুত করেন।

আসুন আমরা অধ্যবসায়ের সঙ্গে আমাদের দৌড় প্রতিযোগিতায় দৌড়াই, আমরা যেন অন্যদের সমাপ্তি রেখার দিকে নজর না দিই কিন্তু ঈশ্বর আমাদের জন্য যে উদ্দেশ্য অনুপমভাবে নিজের হাতে তৈরী করেছেন সেই উদ্দেশ্যের উপর আমাদের দৃষ্টি কেন্দ্রীভূত করি।

আমরা যদি অন্য রকমের দৌড় প্রতিযোগিতা পছন্দ করি, যা জনপ্রিয়, কেতাদুরস্ত, অথবা নিরাপদ ধর্মীয় অনুষ্ঠানাদির অনুমোদন বিধি বলে মনে হয়, তাহলে আমরা আমাদের উদ্দেশ্যের সত্তা হারিয়ে ফেলবো। এটা করলে আমরা দৌড় প্রতিযোগিতায় জয় লাভ করতে পারবো না যা প্রকৃতরূপে গুরুত্বপূর্ণ। আমাদের চূড়ান্ত লক্ষ্য হচ্ছে ঈশ্বর আমাদের জন্য যে ধাবন ক্ষেত্র স্থির করেছেন তার ওপর আমাদের টিকে থাকতে হবে এবং তিনি আমাদের জন্য যে পুরস্কারের প্রতিশ্রুতি দিয়েছেন তা জয় করা।

আমরা যদি আমাদের জন্য পরিকল্পিত ধাবনক্ষেত্র থেকে সরে যাই এবং অন্যদের ধাবনক্ষেত্রে দৌড়াই, তাহলে আমরা প্রথম স্থান অধিকার করলেও, প্রতিযোগিতায় জয়ী হতে পারবো না। আমরা পুরস্কার লাভ করতে পারবো না। এই কারণে বাইবেল আমাদের শিক্ষা দেয়:

**"তোমরা কি জানো না যে, দৌড়ের প্রতিযোগিতায় সব দৌড়বাজ-ই দৌড়ায়, কিন্তু কেবলমাত্র একজনই পুরস্কার পায়? তোমরা এমনভাবে দৌড়াও, যেন পুরস্কার পেতে পারো"** (১ করি ৯:২৪)।

### কীভাবে দৌড়াতে হবে!



### ১। বিশ্বস্তভাবে দৌড়ান!

**"আমি উত্তম সমরে সংগ্রাম করেছি। আমার দৌড় সমাপ্ত হয়েছে। আমি বিশ্বাস রক্ষা করেছি"** (২ তিমথি ৪:৭)।

পুরস্কার জয়ের জন্য, আমাদের অবশ্যই বিশ্বস্তভাবে দৌড়াতে হবে। আমাদের জীবনের প্রত্যেকটি ক্ষেত্রে বিশ্বস্ততা অপরিহার্য— তা আমাদের কাজে, বিবাহে, আর্থিক বিষয়গুলির উপর, সম্পর্কগুলির উপর, অথবা আত্মিক অভিযানগুলির ক্ষেত্রে হোক না কেন।

ঈশ্বর আমাদের যে দৌড় প্রতিযোগিতায় অংশ গ্রহণ করার জন্য আহ্বান করেছেন তা একটি সরল স্বল্প দৈর্ঘ্যের দৌড় প্রতিযোগিতা নয়; এটি হচ্ছে একটি যুদ্ধ। যেমন পৌল বলেছেন, "আমি উত্তম যুদ্ধে প্রাণপণ লড়াই করেছি।" প্রত্যেক দিন, আমরা এই জগতের অধিপতির বিরুদ্ধে আত্মিক যুদ্ধে লিপ্ত হই, যে সর্বদা আমাদের জীবনের জন্য ঈশ্বরের পরিকল্পনাকে ব্যর্থ করার জন্য দৃঢ় সংকল্প করে। **তার উদ্দেশ্য স্পষ্ট: চুরি করা, বধ করা এবং বিনাশ করা** (যোহন ১০:১০)। সে আমাদের সৃষ্টিকর্তার প্রতি আমাদের বিশ্বস্ততাকে পরীক্ষা করার চেষ্টা করে, যে কৌশলের পরিকল্পনা সে এদোন উদ্যান থেকে শুরু করেছিল।

সর্প ঈশ্বরের বিশ্বস্ততার উপর প্রশ্ন করেছিল, এর মাধ্যমে সে হবার মনে সন্দেহের বীজ বপন করেছিল। এই কাজ ঈশ্বরে এবং তাঁর আদেশের প্রতি তার বিশ্বাসের ভীত দুর্বল করে দিয়েছিল, চূড়ান্ত পর্যায়ে তার বিশ্বাসকে ধ্বংস করেছিল। যেমন লিখিত আছে:

**সাপ নারীকে বলল, "অবশ্যই তোমরা মরবে না, কারণ ঈশ্বর জানেন যে, যখন তোমরা এটি খাবে, তখন তোমাদের চোখ খুলে যাবে, ও তোমরা ভালো-মন্দ জানার ক্ষেত্রে ঈশ্বরের মতো হয়ে যাবে"** (আদি ৩:৪-৫)।

প্রতারণার মাধ্যমে, সর্প আদম এবং হবার সঙ্গে তাদের সৃষ্টিকর্তার যে সুন্দর সম্পর্ক ছিল তা চুরি করেছিল, বিনাশ করেছিল এবং হত্যা করেছিল।

ঈশ্বর বিশ্বস্ত হওয়ার জন্য আমাদের আহ্বান করেন কারণ তিনি বিশ্বস্ত। ইব্রীয় ১০:২৩ আমাদের স্মরণ করিয়ে দেয়:

**"এসো, আমরা অটলভাবে আমাদের প্রত্যাশার স্বীকারোক্তি আঁকড়ে ধরে থাকি, কারণ যিনি প্রতিশ্রুতি দিয়েছেন, তিনি বিশ্বস্ত।"**

ঈশ্বর যখন একটি প্রতিজ্ঞা করেন, তিনি তা সম্পূর্ণ করেন। এমনকি আপনার যখন মনে হয় বছরের পর বছর ধরে আপনি প্রার্থনার উত্তর পাচ্ছেন না, জানবেন যে তিনি আপনাকে ভুলে যাননি। গীত ৫৬:৮ আমাদের আশ্বস্ত করে যে ঈশ্বর আমাদের প্রত্যেকটি চোখের জল সংগ্রহ করেন এবং সেগুলি তিনি তাঁর নথিতে রাখেন। তিনি তাঁর লোকদের প্রতি সর্বদা বিশ্বস্ত থাকেন এবং তাঁর সিদ্ধ সময়ে তিনি উত্তর দেবেন।

সেই কারণে, আপনার দৌড় প্রতিযোগিতা চালিয়ে যান, এমনকি যখন আপনি তাঁর কাজের প্রমাণ দেখতে পাবেন না তখনও। আমাদের বিশ্বস্ত ঈশ্বরের প্রতি আমাদের বিশ্বস্ততার জন্য অবিচলিত বিশ্বাসের প্রয়োজন।

ঈশ্বর আমাদের ইতিমধ্যেই সতর্ক করেছেন:

**"তোমাকে যে কষ্টভোগ করতে হবে, তার জন্য ভয় পেয়ো না। আমি তোমাকে বলি, তোমাদের পরীক্ষা করার জন্য দিয়াবল তোমাদের কাউকে কাউকে কারাগারে নিক্ষেপ করবে। এতে দশদিন পর্যন্ত বিশ্বস্ত থেকো, আমি তোমাকে**

**জীবন মুকুট দেব"** (প্রকাশিত বাক্য ২:১০)।

আমরা যে প্রতিযোগিতায় দৌড়াচ্ছি তা সহজ নয়—এটি একটি বাধাযুক্ত দৌড়ের মতো, জলের উপর দিয়ে লাফ দেওয়া, খোলা গর্তের উপর দিয়ে এবং সাধারণ বেড়া টপকে যাওয়া দৌড় প্রতিযোগিতার মতো। তথাপি, বিশ্বাসে অবিচল থেকে দৌড়ানোর জন্য আমরা আহুত হয়েছি।

বিভিন্ন তাড়না এবং চালেঞ্জগুলি সত্ত্বেও যদি আমরা আমাদের বিশ্বাস ধরে রাখতে পারি— তা শারীরিক, আবেগজনিত, আত্মিক অথবা আর্থিক যাই হোক না কেন—তাহলেই আমরা বিজয়ী মুকুট লাভ করবো। আমরা প্রতিযোগিতার অর্ধেক পথ দৌড়ে থেমে গিয়ে পশ্চাতে ফিরে আসতে পারি না। তার পরিবর্তে, আমাদের অন্তরের ন্যায়পরায়ণতা এবং আত্মায় বিশ্বাসে অবশ্যই অধ্যবসায়সহ দৌড়াতে হবে।

আমাদের বর্তমান পরিস্থিতি যাই থাক না কেন আমাদের আহ্বানের প্রতি বিশ্বস্ত থাকার বিষয়টি অপরিহার্য। ঈশ্বর আমাদের উপর যে ভার দিয়েছেন—তা যতই বড় অথবা ছোট হোক না কেন—আমাদের অবশ্যই বিশ্বস্ত হতে হবে। এমনকি একটি ছোট কম্পানীর কোনও অনাড়ম্বর পদে থাকলেও, আমাদের বিশ্বস্ত থাকতে হবে। যখন কেউ আপনাকে দেখতে পাবে না তখনও বিশ্বস্ত থাকুন, কারণ ঈশ্বর সমস্ত কিছু দেখেন।

অধ্যবসায়ীভাবে কাজ করুন। যেহেতু বাইবেল আমাদের স্মরণ করিয়ে দেয়:

**"কাউকে কি তাদের কাজে সুদক্ষ দেখছো? তারা রাজাদের সামনে দাঁড়িয়ে সেবাকাজ করবে, তারা কোনও নিম্নস্তরীয় কর্মকর্তাদের সামনে দাঁড়িয়ে সেবাকাজ করবে না"** (হিতোপদেশ ২২:২৯)।

আপনি আপনার কর্মক্ষেত্রে প্রশংসিত নাও হতে পারেন— বিশ্বস্ত থাকুন। আপনি আপনার বন্ধুদের মধ্যে অথবা আপনার পরিবারের মধ্যে স্বীকৃতি লাভ নাও করতে পারেন—বিশ্বস্ত থাকুন। আপনি আপনার মণ্ডলী সমাজের মধ্যে তাৎপর্যহীনতা অনুভব করতে পারেন—বিশ্বস্ত থাকুন। ঈশ্বর, যিনি চূড়ান্ত পুরস্কারদাতা, তিনি গোপনে আপনার পরিশ্রম দেখছেন এবং তিনি তাঁর নিখুঁত সময়ে সকলের সামনে আপনাকে পুরস্কার দেবেন।

একদিন আসবে যখন প্রভু বলবেন:

**"বেশ করেছ, উত্তম ও বিশ্বস্ত দাস! তুমি অল্প বিষয়ে বিশ্বস্ত থেকেছ; আমি তোমাকে বহু বিষয়ের উপরে তত্ত্বাবধায়ক নিযুক্ত করব। এসো, তোমার মনিবের আনন্দের অংশীদার হও!"** (মথি ২৫:২১)

আমি প্রার্থনা করি যে ঈশ্বর যেন আমাদের বিশ্বাসে স্থির থাকার বিষয়ে শক্তি দেন— আমরা যেন বিশ্বস্তভাবে এবং অকম্পিতভাবে বিশ্বাসে স্থির থাকি— আমাদের সামনে যতই চ্যালেঞ্জ আসুক আমরা যেন কোনও সামঝোতা না করে বিশ্বস্ত থাকতে পারি।

## ২। সহিষ্ণুতাসহ দৌড়ান!

**"... আর যে দৌড় আমাদের জন্য নির্ধারণ করা হয়েছে, এসো ধৈর্যের সঙ্গে সেই অভিমুখে ছুটে চলি"** (হিব্রীয় ১২:১)।

অধ্যবসায়, অথবা সহিষ্ণুতা, যে কোনও ক্রীড়াবিদদের জন্য একটি অত্যন্ত জরুরী গুণ। যখন আমাদের যাত্রা কঠিন হয়, তখন তা ত্যাগ করার কোনও জায়গা থাকে না। সাফল্যের জন্য আত্মনিবেদন, শৃঙ্খলা এবং আরামের বাইরে নিজেকে ঠেলে দেওয়ার জন্য ইচ্ছুক হৃদয় প্রয়োজন হয়। এটি কঠোর পরিশ্রম, সংগ্রাম, ঘাম ঝড়ানো, যন্ত্রণা এবং নিরাশার সময়গুলো সহ্য করার বিষয় দাবি করে।

একইভাবে, আমাদের খ্রীষ্টিয় চলার পথ সহজ পথ নয়। আমাদের বিভিন্ন সংগ্রামের সম্মুখীন হতে হয়, বিভিন্ন লড়াইয়ের মুখোমুখি হতে হয় এবং আমাদের বিভিন্ন চ্যালেঞ্জগুলো সহ্য করতে হয় যা আমাদের বিশ্বাসের পরীক্ষা করে। এক সময় আমরা নিঃসঙ্গতা অনুভব করতে পারি, যখন মনে হয় আমরা এমন একটি পথে হাঁটছি যা অন্যরা বুঝতে পারছে না। জাগতিক মূল্যবোধগুলির সঙ্গে মিশে যাওয়ার অথবা সামঝোতা করার অক্ষমতা আমাদেরকে সমাজে বেমানান অনুভব করায়।

এই ধরণের অনুভূতিগুলি স্বাভাবিক, কিন্তু আমাদের অবশ্যই মনে রাখতে হবে যে এই পথ, সঙ্কীর্ণ এবং চ্যালেঞ্জিং হলেও, এটি আমাদেরকে অনন্তকালীন আনন্দের এবং সম্পূর্ণতার দিকে চালিত করে। এই পথে প্রতিটি পদক্ষেপে ঈশ্বর আমাদের সঙ্গে আছেন জেনে, আসুন আমরা অকম্পিত সঙ্কল্পে সামনে এগিয়ে চলি।

ঈশ্বরের মহান লোকেরা এই ধরণের অনুভূতিগুলির অভিজ্ঞতা লাভ করেছিলেন। এলিয় বিলাপ করেছিলেন, **"... একমাত্র আমিই অবশিষ্ট আছি..."** (১ রাজা ১৯:১০)। দাউদ মাঝে মাঝেই নিঃসঙ্গতার ভার অনুভব করেছিলেন এবং মোশিও, এই ধরণের মুহূর্তগুলো সহ্য করেছিলেন। আমাদের কাছে এই ধরণের অনুভূতিগুলি নতুন নয়। যাইহোক, **যারা আমাদের আগে চলে গিয়েছেন তাদের সাক্ষ্য আমাদেরকে এই প্রতিযোগিতায় অধ্যবসায়ী হতে শক্তি দেয়** (হিব্রীয় ১২:১)। তাদের উদাহরণগুলো আমাদের মনে করিয়ে দেয় যে আমরা আমাদের প্রচেষ্টা পরিত্যাগ করবো না।

যদিও যাত্রাটি আমাদের কাছে পরিশ্রান্তকারী বলে অনুভূত হতে পারে, তথাপি আমাদের সম্মুখে এগিয়ে যেতে হবে। সাহায্য সর্বদা আমাদের নাগালের মধ্যে আছে। আমাদের মধ্যে কয়েক জন নিরাশাজনক কথার, মিথ্যা অভিযোগ, ভুল বোঝাবুঝির সম্মুখীন হতে পারেন, অথবা হতাশা, অভ্যন্তরীন অনুভবের সম্মুখীন হয়ে, প্রশ্ন করতে পারেন, "প্রভু, কেন আমার চালিয়ে যাওয়া উচিৎ?" এরকম হলেও, আমরা অধ্যবসায়ের সঙ্গে দৌড়ানোর জন্য আহূত হয়েছি।

কেউ বিচ্ছিন্ন হতে চান না; আমরা সবাই অন্তর্ভুক্ত হতে চাই। তথাপি, আমাদের নিজের হৃদয়কে রক্ষা করা উচিৎ। **আমরা যখন জগতের সঙ্গে বন্ধুত্বের বিষয়টি বেছে নিই, তখন আমরা ঈশ্বরের শত্রুতে পরিণত হওয়ার ঝুঁকি গ্রহণ করি** (যাকোব ৪:৪)। বাইবেল সতর্ক করে যে যারা নিজেদের জাগতিক মূল্যবোধগুলির সঙ্গে সারিবদ্ধ করে তারা "ব্যভিচারী এবং ব্যভিচারিণীর" মতো।

এই কারণে, ঈশ্বর আমাদের সামনে যে দৌড় প্রতিযোগিতা রেখেছেন তার মধ্যে আমাদের সর্বদা হুঁশিয়ার থাকতে হবে। সামঝোতার কোনও জায়গা নেই। অবিচল থাকুন, কারণ পুরস্কারটি হচ্ছে অনন্তকালীন।

## ৩। প্রতিযোগিতার শেষ পর্যন্ত দৌড়ান

এই দৌড় প্রতিযোগিতার চূড়ান্ত লক্ষ্য শুধুমাত্র সমাপ্ত করা নয় কিন্তু বিজয়ীভাবে সমাপ্ত করা এবং পুরস্কার দাবি করা। ঠিক যেমন প্রেরিত ২০:২৪ পদে বলা হয়েছে, **"... কিন্তু আমি আমার প্রাণকেও নিজের কাছে মূল্যবান বিবেচনা করি না, শুধু চাই, আমি যেন সেই দৌড় সমাপ্ত করতে পারি এবং প্রভু যীশু যে কর্মভার আমাকে দিয়েছেন, তা সম্পূর্ণ করতে পারি..."**।

প্রিয় বন্ধুগণ, এই জীবন ক্ষণস্থায়ী এবং কেবল আমরা খ্রীষ্টের জন্য যা করি তাই স্থায়ী। আমরা যখন এ বছরের শুরুতে দাঁড়িয়ে আছি, এটি হচ্ছে আমাদের কাছে নিজের বিষয় গভীরভাবে চিন্তা করার সময়। আপনি কি সেই দৌড় প্রতিযোগিতায় দৌড়াচ্ছেন

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

GREAT COMMISSION PARTNERS

ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

**ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)**

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে ফেব্রুয়ারী থেকে ১৮ই মার্চ, ২০২৫)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**ফেব্রুয়ারী ১৯ :** আমাদের প্রচারমাধ্যম পরিষেবা এবং তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব চ্যানেলের মাধ্যমে সুসমাচার অপ্রসারিত বহুভাষী লোকদের কাছে সুসমাচার প্রচার পরিষেবাকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২০:** আরও অধিক সংগঠিতভাবে কাজ করার জন্য আমাদের মণ্ডলী পরিষেবাকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২১:** আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলি এবং সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের শিক্ষার্থীদের স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ২২:** আমাদের অংশীদারদের নৈতিক এবং আর্থিক সাহায্যসহ আমাদের আশীর্বাদ করার জন্য।

**দিন ২৩:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৪:** বহুমুখী পরিষেবাগুলির মাধ্যমে সুসমাচার প্রচারের বিষয়ে আমাদের বরিষ্ঠ পালকের প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ২৫:** আমাদের মণ্ডলীর কার্যকলাপগুলিতে উদ্যমসহ অংশগ্রহণ করার জন্য আমাদের ইয়ূথদের আশীর্বাদ করার জন্য।

**দিন ২৬:** আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার সহযোগি সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির উপর আশীর্বাদের জন্য।

**দিন ২৭:** আমাদের সিনিয়ার পাস্টর এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তির হাত থেকে রক্ষা করার জন্য।

**দিন ২৮:** আমাদের প্রধান মণ্ডলীর এবং শাখা মণ্ডলীগুলির রবিবারের উপাসনায় ঈশ্বরের বাক্যের শক্তির জন্য।

**মার্চ ০১:** আমাদের সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের প্রিন্সিপাল এবং শিক্ষক শিক্ষিকা এবং অন্যান্য কর্মীদের উপর ঈশ্বরের আশীর্বাদের জন্য।

**দিন ০২:** আমাদের কর্মীদের উপর তাঁর অপর্যাপ্ত আশীর্বাদ বর্ষণের জন্য।

**দিন ০৩:** মিশন মনস্ক সদস্যদের দ্বারা আমাদের প্রধান মণ্ডলীকে আশীর্বাদ করার জন্য।

**দিন ০৪:** ইস্রায়েল, প্যালেস্টাইন, রাশিয়া এবং ইউক্রেনে শান্তির জন্য।

**দিন ০৫:** সমস্ত দেশে একতা এবং শান্তির জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৬:** খ্রীষ্টান প্রচারকগণ যেন কোনও পরিবর্তন না করে নিখুঁতভাবে সুসমাচার প্রচার করেন।

**দিন ৭:** ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আমাদের আবাসিক এবং সান্ধ্য নহিমিয় কলেজে যেন যোগ্য শিক্ষার্থীরা ভরতি হয়।

**দিন ৮:** ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আমাদের সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে নতুন শিক্ষার্থীদের ভরতির জন্য।

**দিন ৯:** দেশগুলির শিশু এবং যুবক যুবতীরা যেন যীশু খ্রীষ্টকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করে।

**দিন ১০:** পৃথিবীর শিশুরা এবং যুবক যুবতীরা যেন মোবাইল ফোন এবং অনলাইন গেমের আসক্তি থেকে সুরক্ষা লাভ করে।

**দিন ১১:** বৃদ্ধাশ্রমগুলির বৃদ্ধ বৃদ্ধাদের জন্য।

**দিন ১২:** আমাদের প্রভু যেন আমাদের এ মাসের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করেন।

**দিন ১৩:** আমাদের সমস্ত অংশীদার এবং রাজ্য সমন্বকারীদের সুস্বাস্থ্যের জন্য।

**দিন ১৪:** ভারতের সমস্ত সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার প্রচার করতে আমাদের সক্ষম করার জন্য।

**দিন ১৫:** ২০২৫ সালের নতুন বছরে ঈশ্বরের প্রচুর পরিমাণ করুণার জন্য।

**দিন ১৬:** আমাদের সিনিয়ার পাস্টর এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তির হাত থেকে রক্ষা করার জন্য।

**দিন ১৭:** পৃথিবীতে সমস্ত শিশু এবং মহিলাদের সুরক্ষার জন্য।

**দিন১৮:** আমাদের সমস্ত কর্মী সদস্যদের সুস্বাস্থ্যের জন্য।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

যা ঈশ্বর আপনার সামনে নির্ধারণ করেছেন? আপনি সঠিক গমন পথের উপর আছেন? আপনাকে পশ্চাতে টেনে ধরে রাখতে পারে এমন সমস্ত রকমের চিত্তবিক্ষেপ, দুর্বলতা এবং চ্যালেঞ্জগুলি সত্ত্বেও আপনি কি আপনার সমস্ত সত্তা দিয়ে, অধ্যবসায়ের সঙ্গে দৌড়াচ্ছেন? যদি না দৌড়ে থাকেন, তাহলে এটিই হচ্ছে পুনরায় প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার জন্য উপযুক্ত সময়।

আসুন আমরা সহিষ্ণুতা এবং দৃঢ় সঙ্কল্পসহ শক্তিশালী সমাপ্তির উদ্দেশে বিশ্বস্তভাবে দৌড়াই। ছেড়ে দেবেন না! ঈশ্বর বিশ্বস্ত! তিনি আমাদের কখনও এমন কোনও স্থানে পরিচালিত করেন না যেখানে তাঁর অনুগ্রহ পর্যাপ্ত নয়।

যদি আপনার মনে হয় যে আপনি যে ভার বহন করছেন তা বিহ্বলকারী, খুব ভারী, অথবা আবেগগতভাবে আপনি নিঃশেষ হয়ে যাচ্ছেন, তাহলে ঈশ্বরের কাছে আসুন এবং তাঁর কাছে আপনার অন্তরের কথা প্রকাশ করুন। বলুন, "প্রভু, আমি এই বিষয়ে সংগ্রাম করছি। আমি আর আমার কাঁধে এই ভার বহন করে ছুটতে পারছি না।"

হিষ্কিয় রাজার উদাহরণ বিবেচনা করুন। তিনি যখন অশূরীয় রাজার কথাগুলি শুনেছিলেন, তাঁর হৃদয় চূর্ণ হয়েছিল। তিনি ভীষণভাবে অসহায় বোধ করেছিলেন। অশূরীয় রাজা তাঁকে এবং তাঁর বিশ্বাসকে বিদ্রূপ করেছিল, বলেছিল, "আমার বিরুদ্ধে দাঁড়ানোর সাহস তুমি কেমন করে পেয়েছো! তোমার কী আস্থা আছে? আমার হাত থেকে তোমাকে কে নিস্তার করবেন? সব শেষ। কেও তোমাকে উদ্ধার করতে পারবে না। তুমি যদি চাও, আমি তোমাকে ২০০০ ঘোড়া দেবো—যদি তুমি আমার বিরুদ্ধে লড়াই করার জন্য তাদের জন্য আরোহী খুঁজে পাও!"

কী চ্যালেঞ্জ! ঐ মুহূর্তে হিষ্কিয় রাজার মানসিক এবং আবেগসংক্রান্ত অবস্থা কেমন হয়েছিল তা কি আপনি কল্পনা করতে পারেন। তথাপি, তাঁর এই হতাশার মধ্যেও, হিষ্কিয় ঈশ্বরের প্রতি ঘুরেছিলেন, যিনি তাঁর প্রকৃত শক্তির উৎস ছিল।

এই পরিস্থিতিতে আপনি কী করতেন? অশূরীয় রাজারা বিশেষ করে তাদের প্রতিদ্বন্দী রাজাদের বিরুদ্ধে এবং বন্দীদের বিরুদ্ধে নিষ্ঠুর ব্যবহার করার জন্য কুখ্যাত ছিল। এটা জেনে, হিষ্কিয় বুঝেছিলেন যে তার ভবিষ্যৎ হতাশাপূর্ণ হয়ে যাবে। তার বিশ্বাস পরিত্যক্ত হতে পারে এবং তাঁর সামনে যে দৌড় প্রতিযোগিতা রাখা হয়েছে তা সম্পূর্ণ করতে তিনি ব্যর্থ হয়ে যাবেন। যাইহোক, যিশাইয় ৩৭ অধ্যায়ে একটি ভিন্ন উত্তর প্রকাশ করা হয়েছে:

১। তিনি সদাপ্রভুর উপস্থিতির প্রতি ফিরেছিলেন—হিষ্কিয় মন্দিরে গিয়েছিলেন এবং ঈশ্বরের সামনে নত হয়েছিলেন।

২। তিনি ঈশ্বরের সঙ্গে তাঁর ক্লেশের বিষয়টি সহভাগিতা করেছিলেন—তিনি তাঁর হৃদয়ের সমস্ত কথা ঢেলে দিয়েছিলেন এবং স্বর্গীয় পরিচালনার অন্বেষণ করেছিলেন। দাউদ যেমন গীত ১১৯:২৬ পদে লিখেছেন, **"আমি তোমাকে আমার পরিকল্পনা বলেছি আর তুমি আমাকে উত্তর দিয়েছ; তোমার নির্দেশাবলি আমাকে শিক্ষা দাও।"** আরেকটি অনুবাদে বিষয়টিকে এইভাবে প্রকাশ করা হয়েছে, "আমি তোমাকে আমার জীবনের সমস্ত কিছু বলেছিলাম।" একইভাবে, আমাদের জীবনের সমস্ত সমস্যা, ব্যর্থতা এবং হতাশার বিষয়গুলি ঈশ্বরের কাছে আনার বিষয় আমাদের উৎসাহিত করা হয়েছে। আমরা যখন এটা করবো, তখন আমাদের কি করতে হবে সেই বিষয়ে তিনি আমাদের শিক্ষা দেবেন।



**দৌড় প্রতিযোগিতায় দৌড়াতে থাকুন!**

ঈশ্বরের প্রিয় নারী এবং পুরুষগণ, পরিচর্যা কাজে বিশ্বস্ত থাকার বিষয়ে আপনি কি ভীত? আপনি কি অধ্যবসায়ী হওয়ার জন্য সংগ্রাম করছেন? আশা ত্যাগ করবেন না! এখন ছেড়ে চলে যাবার সময় নয়। উঠুন এবং যতক্ষণ না তিনি আপনাকে থামতে বলবেন ততক্ষণ ছুটতে থাকুন!

যা কিছু চ্যালেঞ্জগুলির আমরা সম্মুখীন হই না কেন সেটা কোনও বিষয় নয়, আসুন আমরা ধৈর্য সহকারে ছুটতে থাকি।



## কীভাবে দৌড়াবেন?

ব্যর্থভাবে দৌড়াবেন না: গালাতীয় ২:২ পদে পৌল লিখেছেন, "...আমি হয়তো অনর্থক পরিশ্রম করেছি বা করছি।"

ঈশ্বর আমাদের সামনে যে দৌড় প্রতিযোগিতা রেখেছেন সেই প্রতিযোগিতায় আমরা যেন সতর্ক হয়ে দৌড়াই এবং আমাদের পরিশ্রম যেন নষ্ট না হয়। বিশ্বমানের ক্রীড়াবিদ্ সাইনী অব্রাহামের থেকে শিক্ষার বিষয়টি বিবেচনা করুন। যদিও তিনি প্রতিযোগিতায় প্রথম স্থানে তাঁর দৌড় শেষ করেছিলেন, তথাপি তিনি তাঁর মেডেল হারিয়েছিলেন কারণ একটি ক্ষুদ্র ভুল, যা একটি সরল ভুল বলেই মনে হয়।

কয়েক সময়, আমরা পরিশ্রমী, একান্তভাবে নিযুক্ত এবং বিশ্বস্ত হতে পারি, তথাপি আমরা পুরস্কার লাভ করতে ব্যর্থ হই। কেন? কারণ প্রকৃতভাবে ঈশ্বর আমাদের কাছ থেকে যা চান সেই বিষয়টিকে আমরা উপেক্ষা করতে পারি। তিনি আমাদের দৌড়ানোর জন্য যে নির্দিষ্ট প্রতিযোগিতার পরিকল্পনা করেছেন তা আমরা বুঝতে ভুল করতে পারি।

তাঁর ইচ্ছা জানার জন্য, তাঁর উদ্দেশ্য উপলব্ধি করার জন্য এবং আমাদের জীবনের জন্য তিনি যে বাণী অনুপমভাবে প্রস্তুত করেছেন তা ডাউনলোড করার জন্য আসুন আমরা সময় নিই। একমাত্র তখনই আমরা উদ্দেশ্যসহ দৌড়াতে পারি এবং বিজয়ীভাবে প্রতিযোগিতা সমাপ্ত করতে পারবো।

২ শমূয়েল ১৮ অধ্যায়ে, আমরা একটি

(ক্রমশঃ, ৯ পাতায়)


ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE REACHING NATIONS

# নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদুর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়), হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য),

ঈশতত্ত্বে ডিপ্লোমা

আন্তজার্তিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 55 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুব:

**The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.**

**10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.**

**Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858**

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR -** Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminy Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Hindi Service : 4.00 p.m. Sunday**
19. **Telugu Service : 5.00 p.m. Sunday**
20. **English & Hindi Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.00 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

### বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
### লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

**Account Name : ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST**
**Account Number : 1023 2923 805**
**Bank Name : STATE BANK OF INDIA**
**Branch : TRIPLICANE, CHENNAI - 600 005**
**IFSC Code : SBIN 0000249**
**SWIFT Code : SBI NIN BB 455**



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

**" তোমার বিরুদ্ধে গঠিত কোনো অস্ত্র সফল হবে না, তোমার বিরুদ্ধে প্রত্যেক জিহ্বার অভিযোগ তুমি খণ্ড ন করবে। সদাপ্রভুর দাসেদের এই হল অধিকার, আমার কাছে তারা এভাবেই নির্দোষ প্রতিপন্ন হবে; সদাপ্রভু এই কথা ঘোষণা করেন"** (যিশাইয় ৫৪:১৭)।

ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য যখনই আমরা কোনও নতুন পরিষেবা শুরু করতে গেছি, তখনই আমাদের বিভিন্ন ধরণের বিরোধীতা এবং সমস্যার সম্মুখীন হতে হয়েছিল। কয়েক সময়, সরাসরি দিয়াবলের কাছ থেকে বিভিন্ন রকমের ক্লেশ এসেছিল এবং কয়েক সময় লোকদের মাধ্যমে আমাদের বিভিন্ন রকমের ক্লেশ সহ্য করতে হয়েছিল। বেশ কয়েকটি ঘটনার ক্ষেত্রে, আমাকে একজন একক ব্যক্তি হিসাবে বিভিন্ন সমস্যা এবং বিরোধীতার সম্মুখীন হতে হয়েছিল।

আমরা যখন প্রধান মিশন বিল্ডিং নির্মাণ করছিলাম, তখন আমাদের এলাকায় বসবাসকারী লোকেরা অখুশী হয়েছিল। যখন নির্মাণ কার্য চলছিল তখন তারা আমাকে সব থেকে বেশি কষ্ট দেবার চেষ্টা করেছিল। যে কর্মীরা যুক্ত ছিল তারাও ভীষণভাবে সমস্যা শুরু করেছিল এবং নির্দিষ্ট কয়েক জন লোক যখন অত্যাচার শুরু করেছিল , তখন অধিকাংশ কর্মীরা কাজ ছেড়ে চলে গিয়েছিল এবং কাজ চালিয়ে যাওয়া আমার পক্ষে কঠিন হয়ে পড়েছিল। এই ভীষণ বিরোধীতা দেখে খ্রীষ্টান বিল্ডিং কন্ট্রাক্টর তার কর্মীদের ফিরিয়ে নিয়েছিল এবং দৃশ্য থেকে ছুটে পালিয়েছিল।

প্রভুর কাজের বিরুদ্ধ কয়েক জন লোক অত্যন্ত ভদ্রভাবে আমার কাছে এসেছিল এবং ঐ বিশেষ এলাকায় প্রভুর কাজ বন্ধ করতে বলেছিল এবং অন্য খ্রীষ্টান এলাকায় আমাকে চলে যেতে বলেছিল এবং তারা আমাকে এর জন্য যে কোনও পরিমাণ টাকা দেবার প্রস্তাব দিয়েছিল। আমি আমার আহ্বানের বিষয়ে ভীষণ জেদী ছিলাম এবং তাদেরকে নম্রভাবে বলেছিলাম যে আমি তাদের কণ্ঠস্বর শুনতে পাচ্ছি না এবং তাদেরকে বলেছিলাম যে এটা জীবন্ত ঈশ্বরের কাজ এবং তাদেরকে কোনও ভাবে এই কাজের বিরুদ্ধে না দাঁড়ানোর বিষয়ে অনুরোধ করেছিলাম।

কিন্তু তারা আমাকে অবিরত মানসিক এবং শারীরিক চাপ দিচ্ছিল। এই ক্লেশের সময়, আমি সাহয্যের হাত বাড়িয়ে দেবার জন্য শহরের বিভিন্ন খ্রীষ্টান নেতাদের কাছে এবং উকিলদের কাছে গিয়েছিলাম। কিন্তু দুর্ভাগ্যবশতঃ কেউ আমাকে উদ্ধার করতে আসেনি। কিন্তু আমার সঙ্গে থাকার জন্য আমি প্রভুর সঙ্গে অনেক সময় কাটিয়েছিলাম। বিশ্বাসে কাজ চালিয়ে যাবার জন্য আমি শান্তি খুঁজে পেয়েছিলাম।

উদাহরণস্বরূপ, একদিন, কংক্রিট মেঝের কাজ শুরু হয়েছিল এবং মিশ্রিত কংক্রিটের ট্রাক এসেছিল এবং কাজ শুরু হয়েছিল। আমার বিরুদ্ধে কয়েক জন প্রতিবেশী একত্রিত হয়েছিল এবং কাজের বিরুদ্ধে চিৎকার করতে শুরু করেছিল। আমি জানতাম না কী করতে হবে এবং আমি সেই মিশ্রিত কংক্রিটের ট্রাকটিকে কম্পানীতে ফেরত পাঠিয়েছিলাম, কিন্তু আমাকে এর পাওনা টাকা মিটিয়ে দিতে হয়েছিল। কিন্তু কয়েক দিন পর ঈশ্বর আমাকে কাজটি সম্পূর্ণ করতে সাহায্য করেছিলেন।

অবশেষে, যখন সম্পূর্ণ কাজ সমাপ্ত হয়েছিল। আমি বন্ধুদের এবং আমাদের শুভ-চিন্তকদের আমন্ত্রণ পাঠানো শুরু করেছিলাম, এই বিল্ডিংটা উৎসর্গ করার উপাসনা সভায় যোগদানের জন্য তাদের অনুরোধ করেছিলাম। ইতিমধ্যে, যারা আমার এবং প্রভুর কাজের বিরুদ্ধে দাঁড়িয়েছিল তারা সকলে অদৃশ্য হয়ে গিয়েছিল। পারিবারিক সমস্যার কারণে কয়েক জন ঐ এলাকা ছেড়ে চলে গিয়েছিল; কয়েক জন তাদের সম্পত্তি বিক্রি করে চলে গিয়েছিল;এবং যারা প্রভুর কাজের বিরুদ্ধে দাঁড়িয়েছিল তাদের মধ্যে অনেকের জীবনে বিভিন্ন দুঃখজনক ঘটনা ঘটেছিল। কিন্তু সব থেকে দুঃখজনক বিষয় ছিল যে আমি যখন ঐ উৎসর্গ অনুষ্ঠানে যোগদান করার বিষয় তাদের আমন্ত্রণ জানানোর জন্য তাদের খোঁজ করছিলাম তখন তাদের কোনও খবর আমি পাইনি। তাদের মধ্যে কয়েকটি বিল্ডিং এখনও তালা বন্ধ হয়ে পড়ে আছে এবং দীর্ঘ সময় যাবৎ সেখানে কোনও লোকজন বাস করছিল না। কয়েকটি বিল্ডিং ভেঙ্গে ফেলা হয়েছে এবং সেখানে কেউ থাকে না।

এখন প্রভুর কাজের বিরুদ্ধে দাঁড়ানোর মতো আর কেউ নেই। এলাকার মধ্যে আমাদের বিল্ডিংগুলো সব থেকে ব্যস্ত। লোকেরা স্বাধীনভাবে আরাধনা করে। ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য দিনরাত সেখানে বিভিন্ন কার্যকলাপ চলতে থাকে। বাইবেল বলে:

**"যারা শত্রু হয়ে তোমাদের বিরুদ্ধে দাঁড়াবে সদাপ্রভু এমন করবেন যাতে তারা তোমাদের সামনে হেরে যায়। তারা একদিক থেকে তোমাদের আক্রমণ করতে এসে সাত দিক দিয়ে পালিয়ে যাবে"** (দ্বি.বি. ২৮:৭)। **"তুমি যদিও তোমার শত্রুদের খুঁজবে, তুমি তাদের সন্ধান পাবে না। যারা তোমার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে, তাদের চিহ্ন খুঁজে পাওয়া যাবে না"** (যিশাইয় ৪১:১২)।

প্রিয় বন্ধু, আপনি ভালো কাজ করার চেষ্টা করা সত্ত্বেও আপনার জীবন কি মহাবিপর্যয় এবং বিভিন্ন সমস্যার মধ্যে দিয়ে যাচ্ছে? সহিষ্ণু হন এবং ঈশ্বরের মুখের দিকে তাকান। আপনি আপনার জীবনে সমস্ত কিছু হারালেও, ভবিষ্যত আপনার অবশিষ্ট আছে।


(ক্রমশঃ, ৬ পৃষ্ঠার পর)

আকর্ষণীয় ঘটনার সম্মুখীন হই। যোয়াব রাজা দাউদের হয়ে তাঁর পুত্র অবশালোমের বিরুদ্ধে লড়াই করছিলেন। সমস্ত বিবাদ সত্ত্বেও, দাউদ বিশেষ করে আদেশ দিয়েছিলেন যেন তাঁর পুত্র অবশালোমের কোনও ক্ষতি না হয়। যাইহোক, যুদ্ধ চলাকালীন, যোয়াব বিজয় নিশ্চিত করেছিলেন, কিন্তু অবশালোম নিহত হয়েছিল। এই মর্মান্তিক খবরটি দাউদের কাছে পৌছানোর প্রয়োজন ছিল—এই কাজটির জন্য পরম সংবেদনশীলতার প্রয়োজন ছিল।

দুজন খবর বহন করে দৌড়ে গিয়েছিল। যাইহোক, যোয়াব অহীমাসকে ঐ দিন যেতে নিষেধ করেছিলেন, তিনি অন্য একদিন যাওয়ার বিষয় পরামর্শ দিয়েছিলেন। তার পরিবর্তে, যোয়াব একজন কূশীয় বার্তাবাহককে যেতে বলেছিলেন এবং সে যা দেখেছে তার রিপোর্ট দিতে বলেছিলেন। কূশীয় লোকটি দৌড় শুরু করেছিল, কিন্তু অহীমাস, তার সঙ্গে যাওয়ার জন্য জিদ করছিল, এবং সে যোয়াবকে এই বিষয়ে রাজী করেছিল। অপেক্ষাকৃত অধিক দ্রুতগামী হওয়ায় সে কূশীয়কে অতিক্রম করেছিল এবং প্রথমে রাজা দাউদের কাছে পৌঁছেছিল।

দাউদ, উৎকণ্ঠার সঙ্গে অপেক্ষা করছিলেন, তিনি যুদ্ধের ফলাফলের বিষয় অহীমাসের কাছে আগ্রহের সঙ্গে জানতে চেয়েছিলেন। যাইহোক, অহীমাস, তাঁর দ্রুত গতিতে ছুটে আসার কারণে স্বীকার করেছিল যে সে বিস্তারিত তথ্য জানে না: "... **তখন খুব গোলমাল হচ্ছিল, তবে আমি জানি না ঠিক কী হল**" (২ শমূয়েল ১৮:২৯)। তার কাছে দেবার মতো কোনও অর্থপূর্ণ বার্তা ছিল না, যদিও সে অক্লান্তভাবে, আন্তরিকভাবে এবং অধ্যবসায়ের সঙ্গে ছুটে এসেছিল।

তুলনামূলকভাবে, কূশীয়, অপেক্ষাকৃত মন্থর হলেও, বার্তাবাহক হিসাবে তার দায়িত্ব সম্পূর্ণ করেছিল। সে যখন এসেছিল, সে স্পষ্টতা এবং



কূশীয় কৌশলপূর্ণভাবে দাউদকে অবশালোমের মৃত্যুর বিষয় অবগত করেছিলেন

সংবেদনশীলভাবে বার্তাটি রাজাকে জানিয়েছিল। দাউদের প্রশ্নের জবাবে, কূশীয় বলেছিল, "**আমার প্রভু মহারাজের শত্রুদের ও যারা যারা আপনার বিরুদ্ধে উঠেছিল, তাদের সব কয়েকজনের দশা যেন সেই যুবকের মতোই হয়**" (২ শমূ.১৮:৩২)।

অহীমাস এবং কূশীয়ের মধ্যে তুলনামূলক বিষয়টি উল্লেখযোগ্য। অহীমাস অপেক্ষাকৃত উত্তম দৌড়বিদ কিন্তু দুর্বল বার্তাবাহক কারণ সব থেকে জটিল উপাদান—একটি বার্তার বিষয় তার অভাব ছিল। একজন বার্তাবাহকের প্রথম দায়িত্ব হচ্ছে সঠিক বার্তা প্রদান করা, যতই বাগ্মিতার সঙ্গে তা উপস্থাপন করা হোক না কেন।

আমরা যখন এই অংশটি গভীরভাবে চিন্তা করছি, তখন আমাদেরকে এর শিক্ষাটির বিষয় মনোযোগ দিতে হবে। অহীমাসের মতো দৌড়াবেন না।

আমার প্রিয় ভাই এবং বোনেরা, আমরা যখন এই বছরটা শুরু করছি, আমরা যেন কেবল দ্রুতগতি এবং কঠোর প্রচেষ্টাসহ না দৌড়াই কিন্তু আমরা যেন উদ্দেশ্য এবং স্বচ্ছতার সঙ্গে দৌড়াই। আসুন আমরা জয়ের লক্ষ্যে দৌড়াই!

* * * * * * * * * * * *


## জরুরী প্রয়োজন

**তাঁর আহ্বানের প্রতিধ্বনি বিপুলভাবে সম্প্রসারিত হচ্ছে। আমাদের নিম্নলিখিত পদগুলির জন্য মিশনমনস্ক, সমর্পিত, এবং বিশ্বস্ত পুরুষ এবং মহিলা কর্মী চাই:**

- আমাদের প্রধান মণ্ড লীর জন্য পূর্ণ সময়ের সহযোগী পালকবৃন্দ
- আমাদের চেন্নাইয়ের শাখা মণ্ড লীগুলোর জন্য পূর্ণ সময়ের সহযোগী পালকবৃন্দ
- পূর্ণ সময়ের জন্য নিরাপত্তা কর্মী
- ডিটিপি অপারেটর এবং টাইপিস্ট
- ইংরাজী এবং অন্যান্য ভাষায় কথা বলা এবং লেখায় পারদর্শী কর্মী
- প্রশাসনিক কাজে আগ্রহী অফিস ম্যানেজার এবং কো-অর্ডিনেটর
- পূর্ণ সময়ের বাইবেল কলেজ লেকচারার
- আমাদের পরিচর্যাগুলিকে শহর এবং গ্রামগুলিতে এগিয়ে নিয়ে যেতে পারে এমন স্বেচ্ছাসেবীগণ
- পূর্ণ সময়ের জন্য ড্রাইভার
- ম্যাট্রিকুলেশন স্কুলের জন্য প্রিন্সিপাল এবং শিক্ষক/শিক্ষিকা
- পূর্ণ সময়ের রাধুনী (মহিলা)
- গৃহস্থালী কর্মীগণ

**শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার উপর ভিত্তি করে বেতন নির্ধারণ করা হবে।**

**ওয়াটস্আপ নম্বরে আবেদন করুন:**
**98412 71858**
**ইমেল:**
**sam@echoofhiscall.org**

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

# Echo of His Call

**YouTube**

Please subscribe

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.

\- Editor

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **S. Sam Selva Raj** |
| A/C No. | : | **1023 2934 679** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

SWIFT CODE : **SBI NIN BB 455**

### 2. Bank : ICICI Bank

| | | |
|---|---|---|
| Branch | : | **Anna Salai, Chennai-6** |
| Name | : | **Echo of His Call** |
| A/C No. | : | **6038 0502 2319** |
| IFSC | : | **ICIC 000 6038** |

### 3. Bank : State Bank of India

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : | **1023 2923 805** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**

*****

**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি,
মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস,
ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/24-26**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th FEBUARY 2025**
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

*JESUS LOVES YOU!*

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**